ইরানে নতুন হামলার বিষয়ে ট্রাম্পকে সতর্ক করল তেহরান



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু নিজের কারাবাস এড়াতে যুক্তরাষ্ট্রকে ইরানের সঙ্গে নতুন যুদ্ধে জড়ানোর চেষ্টা করছেন বলে অভিযোগ করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। একই সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে নতুন সামরিক অভিযান শুরুর বিষয়ে সতর্ক করেছেন তিনি।

রোববার (১৮ অক্টোবর) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে আরাগচি বলেন, 'কারাগারের বাইরে থাকতে নেতানিয়াহু আমেরিকাকে আরেকটি যুদ্ধে ঠেলে দিচ্ছেন।' আগের অভিযানে ইরান আরও শক্তিশালী হয়ে উঠেছিল উল্লেখ করে ট্রাম্পকে আবারও ভাগ্য পরীক্ষা না করার পরামর্শ দেন তিনি। পাশাপাশি ইরানের কিছু অসমাপ্ত কাজ রয়েছে বলেও সতর্ক করেন।

এর আগে, ইসরায়েলের ২৭ অক্টোবরের নির্বাচনের আগে নেতানিয়াহুর প্রতি সমর্থন জানান ট্রাম্প। ইরানের বিরুদ্ধে অবস্থান নেওয়ায় তাঁর সঙ্গে অংশীদারত্বের প্রশংসা করেন মার্কিন প্রেসিডেন্ট। ট্রুথ সোশ্যালে দেওয়া পোস্টে তিনি বলেন, ইসরায়েল অন্য নেতা নির্বাচন করলে যুক্তরাষ্ট্রকেই হয়তো দায়িত্ব নিতে হবে। তবে তিনি তা করতে আগ্রহী নন।

২০২২ সালের শেষ দিক থেকে ইসরায়েল সরকারের নেতৃত্বে রয়েছেন নেতানিয়াহু। তাঁর বিরুদ্ধে দেশটিতে দুর্নীতির মামলা চলছে। এ ছাড়া গাজায় যুদ্ধাপরাধের অভিযোগে ২০২৪ সাল থেকে আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) গ্রেপ্তারি পরোয়ানার মুখে রয়েছেন তিনি। আসন্ন নির্বাচনে তাঁকে ক্ষমতা থেকে সরাতে বিরোধী দলগুলোও সমন্বয় জোরদার করছে।

গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার মধ্য দিয়ে সংঘাত শুরু হয়। পাল্টা হামলা চালায় তেহরানও। যুদ্ধবিরতি ও সমঝোতার উদ্যোগের পরও নতুন করে লড়াই শুরু হওয়ায় এবং ওয়াশিংটন-তেহরান আলোচনা অচল থাকায় সংঘাতের অবসান অনিশ্চিত হয়ে পড়েছে।